গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা,
www.moha.gov.bd

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাভুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক "ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পের ২০২৫-২৬ অর্থবছরের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (PSC) ৩য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মনজুর মোর্শেদ চৌধুরী<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ০৬ এপ্রিল ২০২৬ |
| সভার সময় | সকাল ১০.৩০ টায় |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**৩.০ আলোচনা ও সিদ্ধান্ত:**

| প্রকল্প সম্পর্কিত তথ্যাদি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| **প্রকল্পের নাম:**<br>"ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প<br><br>**প্রাক্কলিত ব্যয়:**<br>১৬২.৩৪ কোটি টাকা<br><br>**বাস্তবায়নকাল:**<br>জুলাই ২০২২ হতে জুন ২০২৫<br>প্রস্তাবিত: জুলাই ২০২২ হতে জুন ২০২৭<br><br>**ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি:**<br>৭০.৫৭ কোটি টাকা (৪৩.৪৭%)<br>বাস্তব অগ্রগতি: ৬৫%<br>২০২৫-২৬ অর্থবছরে জুলাই ২০২৫ হতে মার্চ ২০২৬ পর্যন্ত ব্যয়: ০.০০ টাকা<br><br>**বাস্তবায়নকারী সংস্থা:**<br>প্রকল্প পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br><br>**প্রকল্প পরিচালক:**<br>নাম: মোহাম্মদ মাহফুজুল আলম।<br>পদবী: প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)<br>মোবাইল: ০১৭১২০৮০১৫০ | প্রকল্প পরিচালক সভায় জানান, আরডিপিপিতে অন্তর্ভুক্তকৃত নতুন অঙ্গসমূহ বাদে বাকী পূর্ত কাজের সকল প্যাকেজের কার্যাদেশ দেওয়া হয়েছে। আরডিপিপিতে প্রাক্কলিত ব্যয় ১৬২৩৪.১৪ লক্ষ টাকার পরিবর্তে ১৮৩১৮.৬০ লক্ষ টাকায় ব্যয়বৃদ্ধি অনুমোদন হলে নতুন অন্তর্ভুক্তকৃত অংগসমূহের দরপত্র প্রক্রিয়া সম্পাদন করা হবে। এইচভিএসি সিস্টেম এবং ফোর্স ভেন্টিলেশন সিস্টেমের মালামাল চলে এসেছে। লিফটের এলসি খোলা হয়েছে। আগামী মে ২০২৬ এ লিফট দেশে আসবে। লিফট সরবরাহকারী ঠিকাদার প্রতিষ্ঠান রংপুর মেটাল ইন্ডাস্ট্রিজ মহাপরিচালক মহোদয় বরাবর পিএসআই এর জন্য পত্রের মাধ্যমে সদস্যদের মনোনয়ন চেয়েছেন। মনোনয়ন অনুমোদন সাপেক্ষে লিফটের পিএসআই কার্যক্রম সম্পাদন করা হবে।<br>ভৌত অবকাঠামো বিভাগ, ভৌত পরিকল্পনা অনুবিভাগ কর্তৃক গত ১১ মার্চ ২০২৬ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুলাই ২০২২ হতে জুন ২০২৫ এর পরিবর্তে জুলাই ২০২২ হতে জুন ২০২৭ পর্যন্ত ০২ বছর বৃদ্ধি করা হয়। বর্তমানে এ মন্ত্রণালয়ে প্রশাসনিক আদেশের অনুমোদনের অপেক্ষায় আছে।<br>বর্তমানে প্রায় ১৮ কোটি টাকার বিল বকেয়া রয়েছে। বকেয়া বিল না পাওয়ায় ঠিকাদার কাজ বন্ধ রেখেছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়ার পর অর্থ ছাড় করা হলে ঠিকাদারের বকেয়া বিল পরিশোধ করা যাবে। বর্তমানে প্রকল্পের কাজ বন্ধ আছে।<br>মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বলেন, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির অনুমোদন পাওয়া গেলেও ব্যয় বৃদ্ধির অনুমোদন পাওয়া যায়নি। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ শেষ করতে হলে মেয়াদ বৃদ্ধির পাশাপাশি ব্যয় বৃদ্ধির বিষয়টি গুরুত্বপূর্ণ।<br>এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, প্রকল্পের আরডিপিপি ব্যয়বৃদ্ধিসহ পুনর্গঠনপূর্বক দ্রুত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ক) ব্যয় বৃদ্ধিসহ প্রকল্পের আরডিপিপি দ্রু অনুমোদনের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রের করতে হবে;<br><br>(খ) ডিপিপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পর্যবেক্ষণের আলোকে ভৌত অবকাঠামে বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br><br>( গ) বার্ষিক ক্রয় পরিকল্পনা ও সময়াব কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থি অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;<br><br>(ঘ) মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির প পরবর্তী কার্যাদি দ্রুত সম্পাদনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br><br>(ঙ) পরবর্তী পিএসসি (PSC) সভা কাজের কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে। |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

**সংযুক্তিঃ**

(১) ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি হাজিরা

১৫-০৪-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৪.০০.০০০০.০০০.০৬৫.০৬.০০০২.২৫.৫৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৮। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর।
৯। অতিরিক্ত প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত প্রধান স্থপতির দপ্তর (জোন-১), স্থাপত্য অধিদপ্তর।
১০। যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং
১৩। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৫-০৪-২০২৬
মোঃ সাইফুল ইসলাম
সহকারী সচিব